

## প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিবের সাথে বাংলাদেশস্থ মালদ্বীপের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মিনি সভাকক্ষে ১৬ জানুয়ারি সকাল ১১.০০ টায় ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার এনডিসি'র সাথে বাংলাদেশস্থ মালদ্বীপের রাষ্ট্রদূত Aishath Shaan Shakir সৌজন্য সাক্ষাতে মিলিত হন। সাক্ষাৎকালে মালদ্বীপে অবস্থানরত বৈধ ও অবৈধ বাংলাদেশী কর্মী এবং নতুন করে আরো কর্মী প্রেরণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সাক্ষাৎকালে ভারপ্রাপ্ত সচিব বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যকার সমঝোতা স্মারকটি মেয়াদোত্তীর্ণ হওয়ায় এ বিষয়ে মালদ্বীপের রাষ্ট্রদূতের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন এবং জয়েন্ট কমিটি পুনঃগঠনের জন্য তাঁর মাধ্যমে মালদ্বীপ সরকারের কাছে অনুরোধ জানান। তিনি বলেন, ২০১৭ সালে ১৬ টি দেশের অভিবাসন ব্যয় নির্ধারণ করে দেওয়া হয়েছে। যার মধ্যে মালদ্বীপ একটি। টেকসই উন্নয়ন অভিষ্ট লক্ষ্যমাত্রা ১০.৭ অর্জনে এ মন্ত্রণালয় বিদেশ গমনেচ্ছু কর্মীদের অভিবাসন ব্যয় সর্বনিম্নে নামিয়ে আনার লক্ষ্যে অভিবাসন ব্যয় নির্ধারণ করা হয়েছে। ভারপ্রাপ্ত সচিব বাংলাদেশ থেকে মালদ্বীপে বৈধ প্রক্রিয়ায় সেক্টর ভিত্তিক অধিক হারে কর্মী নেওয়ার আহ্বান জানান। তিনি মালদ্বীপের রাষ্ট্রদূতের মাধ্যমে সেদেশের সরকার মালদ্বীপে কর্মরত যে সকল বাংলাদেশী অনথিভুক্ত/আনডকুমেন্টেড (Undocumented) কর্মী অবস্থান করছে তাদের বৈধকরণ প্রক্রিয়া অব্যাহত রাখার অনুরোধ জানান।

বাংলাদেশস্থ মালদ্বীপের রাষ্ট্রদূত Aishath Shaan Shakir সৌজন্য সাক্ষাতে বলেন, বাংলাদেশী কর্মীরা কর্মঠ, সৎ ও নিষ্ঠাবান। মালদ্বীপের জনগণ বাংলাদেশী কর্মীদের পছন্দ করেন। তিনি আরও বলেন, মালদ্বীপের বেশিরভাগ বিদেশী কর্মী বাংলাদেশের। তিনি জানান, তার সরকার বৈধভাবে বিদেশী কর্মীদের নেওয়ার বিষয়ে কাজ করছে। এর ফলে বাংলাদেশী কর্মীরা উপকৃত হবে।

সাক্ষাৎকালে আরও উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মোঃ আমিনুল ইসলাম, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী এবং মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (শ্রম বাজার গবেষণা) মোঃ বদরুল আরেফিন ও যুগ্মসচিব (কর্মসংস্থান) মোঃ মোশাররফ হোসেন।

